

15 জুন, 2020

প্রিয় পরিবারবর্গ,

আশাকরি আপনি একটি আনন্দময় ও অবসর সপ্তাহান্ত উপভোগ করেছেন। আমাদের সিটির সহকর্মীদের কাছ থেকে প্রাপ্ত কিছু তথ্য আমি জানাতে চাই - আমাদের সিটির ভবিষ্যত সম্পর্কে আপনি তাৎক্ষণিকভাবে দুইটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করতে পারেন: যুক্তরাষ্ট্রের 2020 আদমশুমারী বা সেনসাস পূরণ করতে পারেন, এবং মঙ্গলবার, 23 জুন প্রাইমারি নির্বাচনে ভোট প্রদান করতে পারেন। আপনার যেসব জিনিস জানা প্রয়োজন সেগুলি এখানে দেয়া হলো:

23 জুনের প্রাইমারি ইলেকশনে কীভাবে ভোট দিতে হবে

এই মাসে, নিউ ইয়র্ক সিটিজুড়ে প্রাইমারি নির্বাচন অনুষ্ঠিত হবে। আপনি আপনার ডিস্ট্রিক্টে কোন নির্বাচনগুলো হচ্ছে তা nyc.pollsitelocator.com -এ নিশ্চিত হতে পারবেন।

আপনি যেভাবে ভোট দিতে পারেন:

চিঠির মাধ্যমে ভোট

- COVID-19 সংক্রমণ রোধ করার জন্য, সকল নিউ ইয়র্কবাসী প্রাইমারি ইলেকশনে চিঠির মাধ্যমে ভোট দিতে পারবেন। আপনাকে অবশ্যই চিঠির মাধ্যমে ভোট বা মেইল-ইন-ব্যালট-এর জন্য **মঙ্গলবার, 16 জুনের** মধ্যে অনুরোধ করতে হবে, যা করা যাবে অনলাইনে nycabsentee.com সাইটে, ফোনে 1-866-VOTE-NYC নম্বরে, অথবা ডাকযোগে।
- যারা বাড়ি থেকে দূরে কোথাও আছেন, আপনি চাইলে আপনার বর্তমান বসবাসের স্থানে ব্যালটটি পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ করতে পারেন। আপনার ব্যালট পাবার পর, আপনাকে অবশ্যই তা **মঙ্গলবার, 23 জুন** তারিখের মধ্যে পূরণ করতে হবে ও সেই তারিখের মধ্যের স্ট্যাম্পযুক্ত হতে হবে। আরও তথ্যের জন্য, ভিজিট করুন vote.nyc

সশরীরে ভোটদান

- আর্লি বা আগে ভোট দান সহ, সশরীরে ভোট দান এখনো করা যাবে। আপনি আর্লি বা আগে ভোট দানের সময়ে তা করতে পারেন, যা এখন থেকে **রবিবার, 21 জুন** পর্যন্ত, অথবা নির্বাচনের দিন, **23 জুন**।
- যদি সম্ভব হয়, আমরা আগে ভোটদান সুপারিশ করছি, তখন ভিড় কম হবে এবং লাইন ছোট থাকবে। আপনার আগে ভোট প্রদানের কেন্দ্র, নির্বাচনের দিনের ভোটকেন্দ্র, এবং নির্বাচন কেন্দ্রের সময়সূচি খুঁজতে, ভিজিট করুন nyc.pollsitelocator.com
- ভবিষ্যত নির্বাচনগুলোতে ভোট দেয়ার জন্য রেজিস্টার করতে, আপনার বিদ্যমান রেজিস্ট্রেশন হালনাগাদ করুন, আপনার নির্ধারিত নির্বাচন কেন্দ্র (পোল সাইট) খুঁজতে, অথবা ভোট দান সংক্রান্ত আরো তথ্য পেতে, **ভিজিট করুন voting.nyc অথবা 311 ফোন করুন।**

যুক্তরাষ্ট্রের আদমশুমারি বা সেনসাস কীভাবে পূরণ করতে হবে

আদমশুমারি বা সেনসাস হচ্ছে যুক্তরাষ্ট্রের জনসংখ্যার গণনা করা যা প্রতি দশ বছর পর পর করা হয়। এটা পূরণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ নিউ ইয়র্ক সিটির জন্য অপরিহার্য রিসোর্সসমূহের পাশাপাশি অন্যান্য সরকারী সুবিধাসমূহ এবং ইলেক্টরাল প্রতিনিধিত্ব নির্ধারণ করে।

এই বছর, আদমশুমারি বা সেনসাস পূরণ করা অত্যন্ত সহজ। আপনি পাঁচ মিনিটে এটা পূরণ করতে পারবেন, পনেরটি ভাষায়, অনলাইনে my2020census.gov -ঠিকানায় অথবা 844-330-2020 নম্বরে ফোন করে।

আদমশুমারিতে (সেনসাস) নাগরিকত্ব সম্পর্কে কোনো প্রশ্ন অন্তর্ভুক্ত করা হবে না। এমনকি আপনি যদি আনডকুমেন্টেড হন, আদমশুমারির (সেনসাস) ফর্ম পূরণ করলে তা আপনাকে বা আপনার পরিবারকে কোনো ঝুঁকিতে ফেলবে না। আদমশুমারির (সেনসাস) জবাবগুলো গোপনীয়, ফেডারেল আইন দ্বারা সুরক্ষিত, এবং এগুলো কখনোই NYCHA, ICE, HRA, ডিপার্টমেন্ট অভ বিল্ডিং, অথবা অন্য যেকোনো সরকারী এজেন্সি—এমনকি আপনার বাড়িওয়ালার সাথেও শেয়ার করা হবে না।

আপনি এবং আপনার পরিবারের গণনায় অন্তর্ভুক্ত হওয়া প্রয়োজন কারণ আদমশুমারি (সেনসাস) নির্ধারণ করে স্কুলের অর্থায়ন, এতে অন্তর্ভুক্ত স্পেশাল এডুকেশন অনুদান, অতিরিক্ত সরবরাহ, অতীব-প্রয়োজনীয় প্রযুক্তি, এবং আমাদের ক্লাসরুমগুলোর জন্য আরো শিক্ষক। এছাড়াও এটা আর্লি লার্ন সেন্টার, স্কুলের অভ্যন্তরে ও স্কুলের বাহিরের ছেলেমেয়েদের জন্য কর্মসূচি, চাইল্ড কেয়ার কর্মসূচি, এবং আরো কিছুর জন্য অর্থায়ন নির্ধারণ করে।

এছাড়াও আদমশুমারি (সেনসাস) শিক্ষা বহির্ভূত উদ্দেশ্যেও অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এতে অন্তর্ভুক্ত সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (SNAP) সহায়তা, হাসপাতাল সেবা, সুলভ মূল্যের আবাসন (অ্যাফোর্ডেবল হাউজিং), এবং আরো কিছু। এছাড়াও, আদমশুমারি (সেনসাস) প্রতিটি স্টেটের জন্য কংগ্রেস ও ইলেক্টরাল কলেজ ভোটে প্রতিনিধির (রিপ্রেজেন্টেটিভ) বরাদ্দে প্রভাব ফেলে।

আগের যেকোনো সময়ে চেয়ে বেশি, আমাদের এখন এগিয়ে আসতে হবে এবং সকল নিউ ইয়র্কবাসী যেন গণনায় অন্তর্ভুক্ত হয় তা নিশ্চিত করতে সহায়তা করতে হবে। মহামারী এবং এটার অর্থনৈতিক প্রভাব থেকে পুনরুদ্ধারের সময় একটি সম্পূর্ণ গণনা আমাদের সিটিকে আমাদের প্রয়োজনীয় রিসোর্স প্রদান করবে।

নাগরিক অংশগ্রহণ একটি সুস্থ গণতন্ত্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি আশা করি এই রিসোর্সগুলো আপনি এবং আপনার পরিবারের জন্য ব্যবহৃত হয়।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন